# The Role of Religious Education in Curriculum Designing

**Syed Ali Ashraf***

'Religious education' means for many teachers and schools in the United Kingdom the imparting of knowledge about different religions of the world, That is why it is often said by some educationists that even an atheist can be a very good teacher of religious education [1], If, on the other hand, by religious education we mean-what 1 claim that it should mean-the training of the 'religious sensibility' [2] of students, then only a person who is aware of that sensibility and knows the technique of making others aware of i\ educationally can be a teacher of religious education, It is only when we define 'religious sensibility' properly that we can understand how it has both a material and a spiritual and ethical dimension, a specific and a universal connotation, and how it is both local and global in perspective, Only then will it be possible for us to assess the central and basic role of religious education in curriculum designing and teaching methodology.

At present it is a highly marginalised subject. The long prevailing mechanistic paradigm has divorced the material from the spiritual and the ethical, and reason from emotion, intuition and imagination. 11 has divided knowledge into separate subjects and disciplines and established a hierarchy. Knowledge is only considered as trustworthy and reliable if it can be presented in cause and effect, and problem/solution terms. As recent scientific investigations have proved the inability of scientific rationalism and the reductionist paradigm to discover 'truth' and have therefore reduced life into a godless, meaningless existence, new attempts are being made by Bohm, Capra and other scientists to give a holistic explanation of human life on earth [3]. Thus a 'global perspective' has been proposed and developed so that a human being is kept constantly busy. But however busy human beings may be they cannot by that find an answer to the 'why' and 'how' and 'for what' of their existence on this earth. Religion alone has given answers to those

* *Ex*-Director General, The Islamic Academy, Cambridge, United Kingdom.

questions. When we investigate the 'religious tradition' of the world we find some basic commonality and universality in those answers even though we notice doctrinal differences [4J. All the major religions of the world believe in a 'transcendental reality'. which in the Judaeo-Christian and Islamic tradition is God who alone is worthy of worship. They also believe in a spiritual dimension of the human personality (man does not live by bread alone) and in the Judaeo-Christian and Islamic tradition it is that spirit which is endowed by God with innate consciousness of the Absolutes of truth, Justice, mercy, love, which arc in reality God's own qualities which ultimately provide

the spiritual self of the human being with the norm of what we call 'humanity'. Humanity, thus, is not an input from outside. It is something innate but needs awakening and nurture. Once this is awakened it gives 'immense pleasure to be human'. But there are forces of selfishness that lead to cruelty and the breakdown of the Absolute norm and hence an attempt to ignore them or flout them or disobey them or twist them. But a person whose innate sense of righteousness, truth, justice and love has already been trained and cultivated can be patient and can also fight all 'evil' forces. That force alone is evil which does not allow these Absolute norms to be followed so that the individual may have a balanced growth of his or her personality.

I have described this sensibility elsewhere, and stated that it is intrinsic virtue, transcendent and universal. It requires the uplifting of the heart beyond the narrow confines of the material worldly self, an expansion of the heart beyond all calculations, a transcendence which for Muslims, Christians, Hindus and Jews cannot occur without the presence of the Supreme Being, God, so there is a direct relationship between the transcendent and the human being [5]. Thus this sensibility is central to the whole being of a person. It is a sensibility that inspires an individual to keep the image of perfection and the Absolute in mind. While discerning the meaning of the 99 'Names' of God, Ghazali said that "The perfection and happiness of man consists in conforming to the perfections of God most high, and in adorning himself with the meaning of His attributes and names insofar as this is conceivable for man" [6]. That this sentiment is shared by the Christians as well is testified by the following statement of Jacques Maritain. While discussing the development of what he terms 'Christian intelligence' which, he says,

must be one of the jobs of Christian education, he advises Christians, "Christianity says, Be perfect as your heavenly father is perfect" [7]. The same sentiment is found in Jadaism and Hinduism, and in a different language and with a difference in meaning, in Buddhism, in which Buddha provides an image of perfection.

Thus the religious sensibility is not partial and exclusive and meant for a few individuals. It is a universal phenomenon. It is also not like aesthetic sensibility which is said to cultivate a person's sense of beauty only. A person with refined aesthetic sensibility may grow up to be dishonest and cruel if the cultivation of the aesthetic sensibility is not accompanied by the cultivation of an individual's sense of justice, truth and righteousness. From religious metaphysics, it can be explained by saying that 'All Beautiful' is a 'Name' of God. Concentration on this Name only does not help a person to keep within his/her mind the total norm that all the different Names of God help an individual to be conscious of. By religious sensibility therefore is meant the balanced awareness of all the different norms of perfection. A person may be just but he/she is not 'human' if the individual has no sense of 'mercy'. God's quality of 'justice' is always tempered with the quality of 'mercy'. By making children cultivate both the norms of justice and mercy, the individual becomes aware of when and how far one can go in order to apply the principle of justice and when this principle has to be tempered with mercy in the context of the human situation.

Thus by the eultivation of religious sensibility I mean the cultivation both externally and internally of that all-comprehensive culture which is a balanced manifestation of spiritual discipline, moral discrimination, intellectual honesty and freedom, emotional depth and sincerity and active participation in all that is 'good'. The cultivation of this 'culture' is what Prophet Muhammad (peace be upon him) meant when he said that he was taught *adad* (culture). That is why one of the terms for education in Arabic is *Ta'dib,* which means 'That which teaches *adad'* [8]. This means not only the goal of religious education has to be redefined, the relationship between religious education and the rest of knowledge imparted in schools has to be re-examined and the curriculum remodelled.

It is here that there is a meeting point for the Islamic system of education and the Western system of education. Unfortunately in the Western

system (including the holistic scheme of education) there is at present a divorce between the two roots of this system-the religious (Judaeo-Christian) root and the liberal root, and it is this secularist form of liberalism that is dominating the minds of those who are producing curriculum and teaching methodology for all subjects and determining even the aims and the objectives of education. The attempt has gone so far that 'spirituality' is now being explained as something amoral [91, as if the spirit of a human being is like electricity, completely unconscious of morality, as if that spirit has to be taught morality. How do you teach morality? Where does the moral norm come from? Either that norm is innate or that norm has been produced by society. Unless that norm is absolute and transcendent, that is, transcending time and space and hence basically unchanging and universal. it is to be regarded as a continuously changing social product and hence not at all absolute and transcendent. It is this latter idea that the evolutionists have imposed on educationists. I have elsewhere [10] contested that this idea is completely untenable if we analyse the growth of a child's psyche in so far as his or her response to moral situations is concerned. Does a 2 year-old child trust a person whom s/he comes to know to have told him or her lies? If you slap a child unjustly does s/he react against it or not? From all the mothers I have asked the invariable reply is that the child trusts a truthful person and reacts against injustice. It is the human spirit within the child which has been endowed by God with this innate consciousness. Education should help the child to be intellectually conscious of those innate norms so that the child can realise how these norms have to be applied in life. That is why it seems proper to say that the 'spirit' of a human being is that particular element in human nature which has been endowed by God with this innate consciousness of the Absolute Norms that provide human intelligence with the opportunity to produce in society the moral framework for human conduct. Spirituality cannot therefore be 'amoral'. The source of moral consciousness lies in the spiritual cognition of the innate norm of values.

The main job of 'religious education', therefore, is to help children attain that spiritual cognition of that innate norm. As this norm is both universal and perpetual, it is this norm that should help scholars formulate basic concepts for all branches of knowledge. Only then will we realise that lessons in history, geography, sociology and natural

sciences can never be neutral. Nor can they be completely segregated into separate hierarchical units. By despising or ignoring sense and sensation as an insecure means of learning truth, by punishing imagination as a mere power of deception or at best as a power to remodel sensations into new wholes, by disregarding the 'unconscious' of the instinct and the 'unconscious' of the spirit the secularist education system has unnecessarily and unjustifiable laid sole emphasis on the growth and development of logical thinking as the sole means of realising truth [11]. Religious education should be the means of restoring the balance lost in the present education system by compelling educationists to see a human being not as a logical thinking unit or as a natural being but as a natural and supernatural being whose sense-perception, intellectual life, the deep living power of imagination and feeling and the spiritual power of reason and intuitive cognition are integrated through that spiritual instrument in the human being termed as 'the heart'. Il is the heart through which supernatural or divine grace descends on the human soul. That makes the 'good' appealing to the child's will and understanding. It is in this heart that the struggle takes place between the pleasures of earthly and selfish

carnal desires and the joy of actively participating in the 'good'. Through this participation the child enjoys the greater overwhelming pleasure of participating in divine life itself. Thus it gains intellectual understanding about eternal life that begins here on this earth.

This means 'religious education' does not remain just a subject dealing with information about religions. It becomes a central feature of the curriculum providing the curriculum planners with an integrated world view and a basic concept of human nature which includes its relationship to God and external nature. Once the planners start with this approach, it will be possible for them to do what Sankey *el at.* have tried to show as how to “organise knowledge into a cohesive framework" and thus realise the limits and truths of each branch of knowledge including modem science and psychology (12]. It will also make students realise how to think about science and humanities and social sciences. At the same time the course planning, lesson preparation and teaching methodology will contribute to the realisation that though this earth is a temporary residence, it is our duty to know it in order to beautify it and make it more and more habitable for the coming generations.

## Notes

[1] See the approach of Johin Hull and jean Holm for example in 'J.Holm. (1977) *the Study of Religions* (London, Sheldon Press). and J. Hull (1984 *Studies in religion and Education*, (Lewes, Falmer Press)

[2] Religious approach to religious education, in: *Priorities in religious Education*, BRENDA WATSON (Ed.), London, Falmer Press, 1992, pp.82-83.

[3] See a presentation of this approach in Towards an irreducible global perspective in school. by David Selby in Westminister Studies in Education, Vol. 14, 1991. pp. 27-35. See also a serious criticism of this perspective from the religious/spiritual point of view in *'Secular and Spiritual'* by DAVID PLUNKETT. London, Routledge, 1990.pp. 62-78

[4] This common approach of all six religiouns now taught in British schools, i.e, Hinduism, Buddhism, Judaism, Christianity, Islam and Sikhism, was worked out in a seminar organised by The Islamic Academy, Cambridge in 1990. The seminar produceed the document *Faith as the Basis of Education in a Multi-faith, Multi-cultural Country. Discussion Document II,* 1991, Cambridge, The Islamic Academy.

[5] Religious approach to religious education, in *Priorities in religious Education*, BRENDA WATSON (Ed.), London, Falmer Press, 1992, p. 83.

[6] AL-GHAZALI, *The Ninetynine Beautiful Names of God*, trans. DAVID B. BURRELL & NAZiii DAHER, Cambridge, Islamic Text Society, 1992. p.30.

[7] JACQUES MARTAIN (1957) Typical aspects of Christian education, in: EDMUND FIDLER (Ed.) *The Christian Idea of Education,* p. 178 (New Yourk. Yale University Press & London, Oxford University Press). See also JACQUES MARITAIN'S *Education at the Crossroads* (New Yourk. Yale University Press).

[8] For detailed discussion about the Islamic concept of education see S. S. Hussain & S.A Ashraf (1985) Crisis in muslim Education (Hodder & Stoughton, London) *New Horizons in Muslim Education* (Hodder & Stoughton, London), and S. NAQUIB AL ATTAS (Ed.) (1979) *Aims and Objectives of Islamic Education*. (Hodder & Stoughton, London).

[9] Towards finding the hidden currriculum: a consideration of the spiritual dimension of experience in curriculum planning by JACK G. PRIESTLEY, in: *British journal of Religious Education*, Summer 1985, p. 115.

[10] Islamic Education and Moral Development, *Editorials in Muslim Education Quarterly Journal*, 8 (1 and 2), 1990-91.

[11] A similar view has been exressed by jacques Maritain in the article mentioned above in note 7.

[12] DEREK SANKEY, DESMOND SULLIVAN & BRENDA WATSON (1988) *At Home on Planet Earth* p. xi, (Oxford. Basil Blackwell).

# Meltdown in American Markets:
## *An Islamic Perspective*

**Liaquat Ali Khan***

Call it the consequences of irresponsible American invasions, call it the irrational exuberance of short sellers, call it the catastrophe of subprime lending, call it the mismanagement of leveraged products, blame it as you may, American markets are facing unprecedented meltdown and doomsayers see little promise in the federal bailout package. Ironically, the Wall Street has noticed that Shariah-compliant investments- -which avoid speculative risk and debt-ridden greed--have fared much better in these troubled markets. In the past few years, Shariah-compliant investments in Western markets have grown to more than half a trillion dollars.

Islamic financing is attracting huge academic curiosity. Many experts participating in the 8th Harvard University Forum on Islamic Finance held this past April wondered if Islamic financing could have prevented the meltdown that American markets are facing primarily due to mortgage debt and mortgage-backed securities—now known as "toxic investments. " This legal commentary highlights the two fundamental principles of Islamic financing that I presented at the Forum.

*High Risk Investments*

The Quran prohibits *al-Maysir* or speculative risk, warning the faithful to avoid games of chance in which the probability of loss in is much higher than the probability of gain (2:219). Shariah-compliant investments, therefore, avoid speculative risk, including interest rate options, naked equity options, futures, derivative and numerous leveraged products purportedly designed to hedge investments. Many of these financial products attract speculators in hopes of making quick money. When trusted fund managers, under institutional pressures to show profit, resort to speculative risk, hedge investments turn into suicidal strategies for financial destruction.

In pursuit of greed and thrill, straightforward investments in companies engaged in socially useful activity has become unattractive, even boring, because of their presumably lower rate of return—frequently a self-

* Professor of Law at Washburn University in Topeka, Kansas

fulfilling prophecy. Billions of dollars are dumped into companies that promise huge profits but produce nothing. While Islam would allow risking investments in socially beneficial research projects, it prohibits investments in companies peddling alcohol, tobacco, pornography, debt, and weapons—products that undermine our health and safety.

Some investment strategies rampant in the markets are not only morally corrupt but socially harmful. Short sellers, for example, make money when companies collapse and close. Turning the conventional logic of investment on its head, short sellers wish companies to crash rather than prosper for they make most money when companies go bankrupt, workers and employees lose jobs, and pension funds evaporate through declining company stock. Such cynical investments, touted as useful forces that balance the market, are contrary to Islamic law.

*Interest-Bearing Debt*

In addition to prohibiting high risk investments, the Quran also prohibits no risk investments. The prohibition against *riba*, interest on loans, is strictly forbidden. Islam does not prohibit passive investments. Nor does it prohibit giving interest-free loans. Debt is not contrary to Islamic law. Charging interest is. Although some experts argue that usury, and not interest, is prohibited under Islamic law. Most Muslim scholars agree, however, that interest on loans is contrary to the Shariah.

Refuting arguments that money has time value or that interest is analogous to profit, the Quran offers a categorical principle that "trade is permitted but interest is not." (2:275). The prohibition against interest was revealed not only to save the poor from unscrupulous lenders but also to deter investors who demand a set return on their investments and decline to take the risk of engaging in useful trade.

Contrary to Islamic principles, lending in general and subprime lending in particular was predestined to harm American financial markets for two distinct reasons. First, debt braced with high interest was being extended to persons who simply could not afford to pay back loans. This was usury. Second, the real estate mortgage was no longer a prudent investment decision, since numerous investors were trading in real estate with inflated prices. Investment bankers and other geniuses on Wall Street were securitizing mortgage debts, turning them into interest-bearing securities. These fancy securities began to fail when their underlying assets were foreclosed or deflated. The debt turned deadly and its holders bankrupt.

*Shared Destruction*

Between the prohibited limits of *maysir* (speculative risk) and *riba* (no risk*)*, however, Islamic Law permits creativity in financial markets where investors mobilize surplus monies for the production and distribution of *halal* (Kosher) goods and services. These permissible markets are neither risk-free nor prone to irresponsible risk. Though innovative and authentic, the markets are infused with the values of fairness, transparency, and reasonable profits. They are free of predatory practices that corrupt transactions with greed and inflict hardship on the poor, the elderly, and the novice.

The federal bailout package that the Bush Administration is selling as a quick cure of all problems will only aggravate the underlying cancer of interest-bearing debt. It is unlikely that the infusion of more money will reform institutions and companies built on layers of interest-bearing debt. When the best and the brightest are engrossed in finding ways to make money with money, and no more, the system may look creative and intelligent but it is geared toward shared destruction ❑

# কোরআনের বাণী, বাণী-বিন্যাস ও প্রকাশভঙ্গি সুরা বাকারা (৩০-৩৯)

ড. সদরুদ্দীন আহমদ*

৩০. আর তোমার প্রতিপালক ফেরেশতাদের ডেকে বললেন: ‘আমি দুনিয়াতে আমার প্রতিনিধি পাঠাবো।’ তারা বললো: “আমরাই যেখানে আপনার অসীম মহিমা ও গুণাবলীর প্রশংসা করি তখন আপনি কেন দুনিয়াতে এমন কাউকে পাঠাবেন যারা দুর্নীতি করবে এবং রক্তপাত ঘটাবে?” আল্লাহ বললেন: “আমি যা জানি তোমরা তা জানো না”।

৩১. এবং তিনি আদমকে সব জিনিসের নাম শিখিয়ে দিলেন। অতঃপর তিনি সেগুলোকে ফেরেশতাদের সামনে হাজির করলেন এবং বললেন:“তোমরা আমাকে এই সব জিনিসের নাম বলো যদি তোমরা যা বলছো তা সত্য হয়।”

৩২. তারা উত্তর দিলো:‘আপনার মহিমা অসীম। আপনিই একমাত্র সর্বজ্ঞ এবং জ্ঞানী।’

৩৩. তিনি বললেন: ‘হে আদম, এই সব জিনিসের নাম তুমি ফেরেশতাদের জানিয়ে দাও।’

আদম যে মুহূর্তে তাদের নাম জানিয়ে দিলেন তখন আল্লাহ বললেন: “আমি কি তোমাদের বলিনি নিশ্চয়ই আকাশ ও পৃথিবীর সব গুপ্ত রহস্য একমাত্র আমিই জানি এবং আরো জানি তোমরা যা প্রকাশ করো এবং যা গোপন করো?”

৩৪. এবং যখন তিনি ফেরেশতাদের বললেন: “তোমরা আদমের সামনে নত হও, (তখন) সবাই নত হলো ইবলিস ছাড়া। সে তা করতে অস্বীকার করলো এবং অহঙ্কার করলো এবং এইভাবে সে তাদের দলভুক্ত হলো যারা সত্যকে অস্বীকার করে।”

৩৫. এবং আমরা বললাম: ‘হে আদম, তুমি এবং তোমার স্ত্রী এই বাগানে বসবাস করো এবং দু’জনে ইচ্ছামত এখানকার ফলমূল খাও, কিন্তু এই একটি বৃক্ষের কাছে যেয়োনা যাতে তোমরা অন্যায়কারী না হও।’

৩৬. কিন্তু ইবলিস তাদেরকে পদস্খলন করতে প্ররোচিত করলো এবং এইভাবে তাদের পূর্বেকার অবস্থার অবসান ঘটালো। তখন আমরা বললাম: “তোমরা চলে যাও। এখন থেকে পরস্পরের শত্রু হয়ে যাও। এবং পৃথিবী হবে এখন থেকে তোমাদের আবাসস্থল এবং তোমাদের জীবিকার সাময়িক স্থান।”

৩৭. এরপর আদম তার প্রতিপালকের কাছ থেকে নির্দেশনা পেলো এবং তিনি তাদের অনুতাপ গ্রহণ করলেন। তিনি তো করুণা-বন্টনকারী।

* সাবেক ডীন, রাজশাহী বিশ্ববিদ্যালয়

৩৮. যদিও আমরা বলেছিলাম: 'এখান থেকে চলে যাও' তবু মাঝে মাঝে আমার তরফ থেকে নিশ্চয়ই নির্দেশনা আসবে এবং যারা তা অনুসরণ করবে তাদের কোন ভয় নেই এবং তারা দুঃখিত হবে না।

৩৯. কিন্তু যারা সত্য অস্বীকার করতে দৃঢ় প্রতিজ্ঞ এবং আমাদের বাণীকে মিথ্যা বলবে তারা দোজখের জন্য নির্ধারিত এবং সেখানে তারা চিরকাল অবস্থান করবে।

আদম সৃষ্টির উপরোক্ত কাহিনী কি ঐতিহাসিক ঘটনা, না একটি allegory বা রূপক? ঘটনাটি এমন সময়ে ঘটেছিলো বলে উল্লেখ করা হয়েছে যখন পৃথিবীতে মানুষ ছিলোনা। ফেরেশতাদের সঙ্গে কথোপকথনের সময় আল্লাহ প্রথম মানব সৃষ্টির পরিকল্পনা পেশ করেনঃ " আমি পৃথিবীতে আমার খলিফাহ বা প্রতিনিধি পাঠাতে যাচ্ছি।" অন্য কোন উৎস থেকে ঘটনাটির ঐতিহাসিক সত্যতার প্রমাণ পাওয়া যেতে পারে না। আর কুরআনে উল্লেখিত সব ঘটনাকে সত্য বলে মেনে নিতে হবে। তবে কোন কোন তফসিরকার ঘটনাটিকে allegory বা রূপক হিসেবে ব্যাখ্যা করা যায় বলে মত প্রকাশ করেছেন।

*(দ্রষ্টব্য Muhammad Asad: The Message of the Quran, পৃষ্ঠা 8)*

আদম সৃষ্টির ঘটনাটি নাটকীয়ভাবে উপস্থাপিত হয়েছে। সমস্ত ঘটনাটি কয়েকটি দৃশ্যে বিভক্ত করা হয়েছে। প্রথম দৃশ্যে আমরা দেখতে পাই ফেরেশতাদের সঙ্গে আল্লাহর কথোপকথন। দ্বিতীয় দৃশ্যে আদমের সঙ্গে ফেরেশতাদের পরীক্ষা দেখানো হয়েছে। তৃতীয় দৃশ্যে দেখানো হয়েছে আদম ও হাওয়ার প্রতি আল্লাহর নির্দেশনা, তাদের সে নির্দেশনা ভঙ্গ ও তার পরিণতি।

সমস্ত ঘটনাটি সম্বন্ধে কয়েকটি প্রশ্ন উত্থাপিত হয়েছে। প্রশ্নগুলো এই:

ক) সূরা বাকারার এই পর্যায়ে আদম সৃষ্টির ঘটনাটি পেশ করা হলো কেন? এর সঙ্গে পূর্ববর্তী আয়াতগুলোর সম্পর্ক কী? ঘটনাটি কি অসংলগ্ন, না পূর্ববর্তী বাণী থেকে যুক্তিসঙ্গতভাবে উৎসারিত? স্মরণ করা যেতে পারে যে সূরা বাকারার ২১ থেকে ২৯ আয়াতের মধ্যে মানুষের জ্ঞান-বুদ্ধি বা বুদ্ধিবৃত্তিক ক্ষমতার উল্লেখ আছে এবং আল্লাহর অস্তিত্বের প্রশ্নে এই ক্ষমতা একটি উৎকৃষ্ট উদাহরণ হিসেবে উপস্থাপিত হয়েছে। যে ক্ষমতা ফেরেশতাদেও নেই, সেই ক্ষমতা আদম তথা মানবজাতিকে দেওয়া হয়েছে।

খ) ফেরেশতারা কিভাবে বুঝলেন যে মানুষ পৃথিবীতে দুর্নীতি করবে ও রক্তপাত ঘটাবে? যা তাদের জানার কথা নয়, বা শেখানো হয়নি এমন কথা তারা কিভাবে বললেন? ফেরেশতারা নিষ্পাপ, সব পঙ্কিলতার ঊর্ধ্বে। তাই স্বভাবত: তাদের ধারণা যে আদম সন্তান তাদের চেয়ে নিকৃষ্ট হবে। তারা যদি ফেরেশতাদের সমতুল্য হয়, তাহলে আলাদা মানুষ সৃষ্টির কোন প্রয়োজন নেই। তাই তারা মানব জাতি সম্বন্ধে এমন কথা বলেছেন। তবে আল্লাহ তাদের ধারণা নস্যাৎ করে দিয়েছেন এই বলে: "আমি যা জানি তোমরা তা জানো না" একথার মধ্যে আল্লাহ যে সর্বজ্ঞ এবং ফেরেশতারা যে সীমিত জ্ঞানের অধিকারী তা সুস্পষ্টভাবে প্রকাশ পেয়েছে।

গ) আদম ও ফেরেশতাদের মধ্যে যে পরীক্ষা হলো সে পরীক্ষায় ফেরেশতারা হেরে গেলো কারণ আদমকে যা শেখানো হয়েছিলো ফেরেশতাদের তা শেখানো হয়নি। অনেকে এই ঘটনায় আপত্তি জানিয়ে বলেন যে ব্যাপারটা পরীক্ষার উত্তর একজনকে আগে থেকে জানিয়ে দেয়ার সমতুল্য। কিন্তু আসলে ব্যাপারটা তা নয়: "Knowledge of all names" denotes here man's faculty of logical definition and thus of conceptual thinking. (Muhammad Asad: *The Message of the Quran p. 9)* এই ক্ষমতা মানুষকে ফেরেশতাদের ওপরে স্থান দিয়েছে। মানুষের এই শ্রেষ্ঠত্বের জন্য আদমকে সেজদা করার জন্য ফেরেশতাদের নির্দেশ দেওয়া হলো। কিন্তু আল্লাহ ছাড়া অন্য কাউকে সেজদা করা ইসলামে নিষিদ্ধ। আসলে 'সেজদা' বলতে নত হওয়া বোঝানো হয়েছে। সবাই আদমের কাছে মাথা নত করলেন। তবে ইবলিস তা করতে অস্বীকার করলো কারণ তার মধ্যে অহমিকা কাজ করছিলো। সে নিজেকে আদমের চেয়ে শ্রেষ্ঠ মনে করলো। তাই তাকে আল্লাহর দরবার থেকে বহিষ্কার করা হলো।

ঘ) আদম ও হাওয়াকে একটি বৃক্ষের কাছে যেতে নিষেধ করা হলো কেন? এই বৃক্ষের কোন পরিচয় দেয়া হয়নি। বাইবেলে এটিকে জ্ঞান বৃক্ষ (Tree of Knowledge) বলে উল্লেখ করা হয়েছে। আসলে এটি কী বৃক্ষ সেটি গুরুত্বপূর্ণ নয়। গুরুত্বপূর্ণ হলো আল্লাহর হুকুম তামিল করা। এটি একটি প্রতীক। আদম ও হাওয়া সে হুকুম ভঙ্গ করলেন। তখন তাদের সেই বাগান থেকে বহিষ্কার করে দুনিয়ায় পাঠানো হলো। তারা ক্ষমা প্রার্থনা করলেন। ক্ষমা গৃহীত হলো। কিন্তু তাদেরকে বাগান থেকে চলে যেতে হলো।

এই ঘটনার বিবরণের মধ্যে নিম্নোক্ত কয়েকটি সত্য প্রতিষ্ঠিত হয়েছে।

১. মানুষকে ফেরেশতাদের ওপরে স্থান দেওয়া হয়েছে তার বুদ্ধিবৃত্তিক ক্ষমতার জন্য।

২. আল্লাহর হুকুম সবার জন্য প্রযোজ্য তা সে ফেরেশতা হোক আর মানুষ হোক। সে হুকুম অমান্য করলে শাস্তি পেতে হবে তা সে ফেরেশতা হোক অথবা মানুষ হোক। তাইতো ইবলিস এবং আদম হওয়াকে বাগান থেকে বহিষ্কার করা হলো।

৩. অপরাধের জন্য অনুতপ্ত হলে আল্লাহ ক্ষমা করেন। ইবলিস ক্ষমা চায়নি। তাই তাকে শুধু বহিষ্কারের কথা বলা হয়েছে। আদম ও হাওয়া ক্ষমা চাইলেন। তাই তাদের বহিষ্কার করা হলো বটে, কিন্তু আল্লাহর নির্দেশনা থেকে তাদের বঞ্চিত করা হয়নি ❑

# জ্ঞানের সৃষ্টিশীলতা ও বিবর্তনবাদ: ইসলামী সমাধান

**মূল : ড. সৈয়দ আলী আশরাফ*, ভাষান্তর : ড. মুহাম্মদ আবদুল মুনিম খান****

শিক্ষা একটি সীমাহীন গতিময় চলমান প্রক্রিয়া। এটি অজানা থেকে অজানার পথে পরিভ্রমণ। মানুষের জন্ম থেকে মৃত্যু পর্যন্ত পরিব্যাপ্ত মুহূর্তগুলোই কেবল জানা সম্ভব। শুধু ধর্মই আমাদের বলে দেয় জন্মলগ্নেও আমাদের কিছু জন্মপূর্ব জ্ঞান রয়েছে এবং আমাদের মৃত্যুর পরও আমাদের জীবন-পরবর্তী জ্ঞান অর্জিত হবে। ইসলামে পরাপ্রাকৃতিক ইন্দ্রিয়-অতিন্দ্রিয় সব জ্ঞান লাভের উৎস হচ্ছে পবিত্র কোরআন ও হাদীস। বিচার বিশ্লেষণের একমাত্র মাধ্যম হচ্ছে বিশিষ্ট মহামনীষীদের লিখিত অভিজ্ঞতাসমূহ অধ্যয়ন। অন্য সব মাধ্যম বাস্তবভিত্তিক নয়। তা হচ্ছে ব্যক্তি মানুষের নিজস্ব অভিমত। কিন্তু সে তার নিজস্ব অভিজ্ঞতাকে অন্যান্য বিশিষ্ট মহামনীষী ও পবিত্র নর-নারীদের বাস্তব অভিজ্ঞতার সাথে তুলনা করে পরীক্ষা করতে পারে। অবশ্য এহেন বাস্তব অভিজ্ঞতা অর্জনের জন্য তাকে একটি পূর্বশর্ত পূরণ করতে হবে, আর তা হলো: অজানা অদৃশ্য আল্লাহ তাআলার প্রতি মৌলিক বিশ্বাস স্থাপন।

অজানার প্রতি এ মৌলিক বিশ্বাস স্থাপনই আধুনিক মনোভাবাপন্ন অধিকাংশ মানুষের জন্য প্রতিবন্ধকতা সৃষ্টি করছে। যে শিক্ষা ব্যবস্থা অতিক্রম করে তারা গড়ে উঠেছে তা তাদেরকে এমন আমূল পরিবর্তন সাধিত করে দিয়েছে যে তারা এমন কিছু বিষয়কে সত্য বলে বিশ্বাস করতে প্রস্তুত, যা কেবল তাদের ইন্দ্রিয়সমূহ ও যুক্তির নিরিখে সত্য বলে স্বীকার করবে। ইন্দ্রিয় অনুভূতি ও কল্পনা সব সময়ই এমন সন্দেহজনকভাবে দেখা হয় যা আমাদের বিপথগামীতার দিকে পরিচালিত করতে পারে। এহেন যুক্তিবাদ ও পরীক্ষামূলক প্রমাণ উপস্থাপনের অনুসন্ধিৎসা একপেষে ব্যক্তিত্ব গড়ে তোলার নিদর্শন দেখায়, যা এমনকি বুদ্ধিবৃত্তিক দানব অথবা ইন্দ্রশক্তি নির্ভর হিংস্র জানোয়ার তৈরির দিকে ঠেলে দিতে পারে। মহান সৃষ্টিকর্তা আল্লাহর প্রতি বিশ্বাস শুধু যুক্তিযুক্ত প্রয়োগে কিংবা ইন্দ্রজ অভিজ্ঞতায় প্রমাণ করা যায় না। এটি আল্লাহ তাআলা প্রদত্ত একটি বিশেষ নিয়ামত বা দান। এ বিশ্বাস মানুষের মধ্যে স্বভাবতই বিদ্যমান, কিন্তু প্রশিক্ষণ ও পরিবেশ এ বিশ্বাসকে পুনরায় সত্যায়িতও করতে পারে আবার সন্দেহ-সংশয় এবং বাধা-বিপত্তিরও সৃষ্টি করতে পারে। এ জন্য ইসলামের শেষ নবী হজরত মুহাম্মদ (সা.) বলেছেন, ‘প্রতিটি শিশু জন্মগতভাবেই একজন মুসলমান, কিন্তু তার পিতামাতাই তাকে একজন ইহুদী অথবা খ্রিষ্টান কিংবা মূর্তিপূজক বানায়।’ (বুখারী ও মুসলিম)

---

* প্রতিষ্ঠাতা ও সাবেক ভাইস-চ্যান্সেলর, দারুল ইহসান বিশ্ববিদ্যালয়।

** সহকারী অধ্যাপক, ইসলামিক একাডেমী, দারুল ইহসান বিশ্ববিদ্যালয়।

প্রথম বিশ্ব মুসলিম শিক্ষা সম্মেলনে (১৯৭৭ সালে মক্কায় অনুষ্ঠিত) সংশয়বাদ ও নাস্তিকতার জন্য আধুনিক শিক্ষা ব্যবস্থাকেই মূলতঃ দায়ী করা হয়, কেননা আধুনিক শিক্ষা ধর্ম বিমুখতা এবং কৌশলে মানুষকে এই মিথ্যা বিশ্বাসে দৃঢ় করায় যে, সত্য যাচাইয়ের একমাত্র সঠিক মাপকাঠি হলো বিজ্ঞান। প্রাকৃতিক বিজ্ঞান বস্তুজগৎ সম্পর্কে জ্ঞান অর্জনে যে বিশাল অবদান রেখেছে তা মুসলিম জ্ঞানী-গবেষকগণ স্বীকার ও প্রশংসা করেছেন, তবে তারা যা চেয়েছেন তা হলো বিজ্ঞানীদের জ্ঞানার্জনে যেসব তত্ত্ব-তথ্য সাহায্য করেছে তার সাথে খোদ বাস্তব জ্ঞানের পার্থক্য সৃষ্টি করা। তাঁরা মুসলিম কর্তৃপক্ষকে অত্যন্ত বাহ্যিকভাবে পরামর্শ দিয়েছেন যেন তারা প্রকৃত জ্ঞানকে গ্রহণ করেন এবং বিবর্তনবাদের ন্যায় মতবাদকে পাশ কাটিয়ে যান। খ্রিষ্টান বিজ্ঞানীরাই বরং বিবর্তনবাদীদের বিরুদ্ধে প্রচার কাজ শুরু করেন। কিন্তু সৃষ্টিতত্ত্ববাদীরা এখনো বিবর্তনবাদী তত্ত্বের পূর্ণাঙ্গ বিকল্প তত্ত্বদানে সফলকাম হননি। এ জায়গাতেই মুসলিম বিজ্ঞানীরা তাদের সাথে সম্পৃক্ত হয়ে হাত মেলাতে পারেন।

অধ্যাপক ড. ব- ্যাক জ্ঞান-বিজ্ঞানের বিভিন্ন শাখার স্বায়ত্বশাসন বা স্বাধীনতাকে স্বীকৃতির একটি ভিন্ন আঙ্গিকের পথ দেখিয়েছেন। তিনি মনে করেন, এতে ধর্মীয় জ্ঞান ও বৈজ্ঞানিক জ্ঞান পরস্পর সাংঘর্ষিক হয়ে পড়বে না। কিন্তু জ্ঞানের এসব শাখা-প্রশাখা কি সম্পূর্ণ স্বাধীন? না, এরা তেমন নয়। জ্ঞানের প্রতিটি শাখা-প্রশাখারর কিছু সীমা-পরিসীমা পর্যন্ত স্বায়ত্বশাসন রয়েছে, কিন্তু জ্ঞানের সব শাখা-প্রশাখার মধ্যেই মানবিক বিবেচনা থেকে অখণ্ড যোগসূত্রিতা বা অবিচ্ছিন্ন সম্পর্ক থাকতে হবে। জ্ঞান আসলে মানবতার কল্যাণের জন্য। যদি জ্ঞানের কোনো শাখা-প্রশাখা মানুষের প্রতি ক্ষতিকারক হয় তাহলে তা পরিত্যাজ্য হবে। কোন্‌টি মানুষের জন্য ভালো আর কোন্‌টি মানুষের জন্য মন্দ- এ ক্ষেত্রটির ব্যাখ্যা-বিশ্লেষণেই বিরোধ লেগে যায়। ধর্ম ওই জ্ঞানকেই ভালো বলে যা মানুষকে নৈতিকভাবে ভালোরূপে গড়ে তুলে, আধ্যাত্মিকভাবে আলোকিত করে এবং প্রকৃতই জীবন-পরবর্তীকালের জন্য পুরস্কার প্রদায়ক। আধুনিক বৈজ্ঞানিক জ্ঞান নৈতিকতা, আধ্যাত্মিকতা ও পরকাল সম্পর্কে আগ্রহী নয়। নিরেট বিজ্ঞান সামাজিক ও সাংস্কৃতিক দিক থেকে মানুষের উপর বৈজ্ঞানিক নিত্যনতুন আবিষ্কারসমূহের প্রতিক্রিয়া সম্পর্কে উদাসীন থাকা পছন্দ করে।

অধ্যাপক ড. বণ্যাক এবং অধ্যাপক ড. নাসিফ উভয়েই দেখিয়েছেন কেমন করে বিজ্ঞানীরা, বিজ্ঞান শিক্ষকগণ ও শিক্ষাবিদেরা এ পরিপূর্ণ স্বাধীনতা যে বিপদ ডেকে আনছে সে সম্পর্কে সম্পূর্ণ সচেতন। চল্লিশ বছরেরও আগে বার্টাণ্ড রাসেল পরিষ্কারভাবে এ বিপদের কথা তাঁর 'Impact of Science on society' গ্রন্থের 'Science and Values' শীর্ষক অধ্যায়ে বিশদ বর্ণনা করেছেন।

জ্ঞানের অন্যান্য শাখা-প্রশাখার মত বিজ্ঞানও কিছু সত্য উদঘাটনে স্বাধীনতার অধিকার রাখবে, কিন্তু তাকে ওই আবিষ্কার বা সত্যকে কাজে লাগানো থেকে বিরত থাকতে হবে; এমনকি তা প্রকাশ করাও গোপন রাখবে যতদিন পর্যন্ত না এর সার্বিক প্রভাব-প্রতিক্রিয়া পরিমাপ করা হয় এবং সমাজের উপর এর ফলাফল সঠিকভাবে নির্ণয় করা যায়। ধর্ম তো এমন এক কল্যাণকর পদ্ধতি যা সর্বদাই বিচার বিশ্লেষণে সঠিক মতামত উপস্থাপন করে। এ

জন্যই অমুসলিম মনীষী বার্টাণ্ড রাসেলও ‘দানশীলতার’ প্রশ্নে ধর্মের কাছে ফিরে গেছেন। দুর্ভাগ্যবশত ত্রয়োদশ ও চতুর্দশ শতাব্দীতে পাশ্চাত্য ধর্মান্ধদের অবিচারের শিকার হয়েছিল, কিন্তু সে সময় ইসলামী বিশ্বে এ ধরনের নির্যাতন ছিল না। কথা হচ্ছে, যতদিন না বৈজ্ঞানিক তত্ত্বসমূহ ভালো কিংবা মন্দ বলে পরীক্ষিত ও মূল্যায়িত হচ্ছে ততদিন পর্যন্ত বৈজ্ঞানিক জ্ঞানতত্ত্ব ও আবিষ্কারকে প্রয়োগ করা উচিত নয়।

উপরিউক্ত এ সুপারিশ বাস্তবায়ন করা বেশ কঠিন। সমাজ নিজেই যদি ধর্মের পথ থেকে বিচ্যুত হয়, যদি সমাজ নিয়ন্ত্রকদের বেশীর ভাগ ধর্মবিমুখ হন, তাহলে এ ধরনের প্রক্রিয়ার সুপারিশ করাও সহজ হবে না। এ জন্যেই অধ্যাপক পিটার্স, অধ্যাপক হার্স্ট এবং তাদের অনুসারীরা ও বন্ধুগণ গণতান্ত্রিক চেতনার বিকাশ চেয়েছেন। জনগণ নিজেদের জন্য কোন্ পন্থাটি ভালো আর কোন্‌টি মন্দ তা সিদ্ধান্ত নিক। ইসলাম ধর্মে পবিত্র কোরআন ও হাদীসেই মূলনীতিসমূহ সবিস্তারে বর্ণিত রয়েছে। জনগণ এর বিরুদ্ধে যেতে পারে না, তারা যৌনাচারের ক্ষেত্রে বহুগামীতাকে আইনানুগ করার জন্যে বিধান কার্যকর করতে পারে না। তবে এ বিষয়টি পাশ্চাত্যে ক্রমশ কঠিন থেকে কঠিনতর হয়ে পড়ছে, শিক্ষাবিদদেরই নিজ থেকে অভিন্ন নৈতিক ও আধ্যাত্মিক বিধি-বিধান তৈরীর প্রয়োজনীয়তা প্রতিষ্ঠা করতে হবে।

মুসলমানদের জন্য এ কাজটি খুব সহজ। তারা প্রতিষ্ঠিত পথ থেকে বিচ্যুত হয়ে যায়নি, তারা দার্শনিকভাবেও এত নিষ্ঠুর নন যে, প্রকাশ্যে নৈতিক বিধিমালা লঙ্ঘন করবে। এতে গণতান্ত্রিক প্রক্রিয়ায় নৈতিক মূল্যবোধসমূহকে ধারাবাহিকভাবে রূপান্তর, খাপ খাওয়ানো বা অভিমত প্রদান করা সম্ভবপর হয় না। কিন্তু যেহেতু মুসলিম জাহান বর্তমান বিশ্বের একটি অবিচ্ছেদ্য অংশ, সেহেতু মুসলিম সমাজকেও জেনেটিক ইঞ্জিনিয়ারিং বা জৈব প্রকৌশল-প্রযুক্তি এবং অন্যান্য আধুনিক বৈজ্ঞানিক আবিষ্কারগুলোকে বিশেষভাবে বিবেচনায় নিতে হবে। যেহেতু মুসলিম সমাজ এখনো ধর্মীয় জীবন ব্যবস্থা দ্বারা নিয়ন্ত্রিত এবং যেহেতু জীবনের প্রতিটি ক্ষেত্রে ধর্মীয় অনুশাসন ও বিধি-বিধান মেনে নেয়ার বিষয়টি এখনো মৌল সামাজিক ধারণা সেহেতু মুসলমানদের জন্য ইসলামী জীবন বিধানের আওতায় বৈজ্ঞানিক আবিষ্কারগুলোকে কাজে লাগানো সম্ভব। তারা মানবজাতির কল্যাণে পরিচালিত করতেও সক্ষম। তবে সবচেয়ে বড় সমস্যা হচ্ছে বিবর্তনবাদ তত্ত্ব।

অধ্যাপক ড. বণ্ড্যাক সঠিকভাবেই বৈজ্ঞানিক তত্ত্বগুলোর গুরুত্ব নির্দেশ করেছেন, যখন এ ধরনের কোনো তত্ত্ব ধর্মীয় বিশ্বাসের বিরোধিতা করে তখন মুসলিম বিজ্ঞানীদের উচিত আমেরিকাপন্থী সৃজনশীলদের মতো বিজ্ঞানীদের সাথে হাত মিলিয়ে ওহী বা ঐশী বাণী নির্দেশিত পরিসীমায় বিবর্তনের সামগ্রিক ধারণাকে সূত্রায়িত করতে সাহায্য করা। কোরানিক প্রত্যাদেশ অনুসারে মূল পরিসীমাগুলো হচ্ছে নিম্নরূপ:

১. আল্লাহ তাআলা সর্বশক্তিমান। একমাত্র স্রষ্টা হিসেবে তিনি কোনো আইনকানুনের অধীনে পরিচালিত নন। তিনি নিজ ইচ্ছানুযায়ী সব কিছু সৃষ্টি করেন। ইমাম আল-আশয়ারী (র.) ও ইমাম আল-গাজালী (৪৫০-৫০৫ হি./১০৫৮-১১১১ খ্রি.)

দার্শনিকভাবে এ মূলনীতিই পুর্নব্যক্ত করেছেন যা গ্রীক দার্শনিক এরিস্টটল (৩৮৪-৩২২ খ্রি.পূ.)-এর বৈজ্ঞানিক তত্ত্ব কার্যকরণ বিধির অসম্ভাব্যতাকে প্রমাণ করে প্রতিষ্ঠিত। এ বিষয়টি পুনঃপ্রতিষ্ঠা করা আবশ্যক।

২. বিশ্বজগৎ সুনির্দিষ্ট বিধান অনুসারে পরিচালিত হচ্ছে এবং আল্লাহ তাআলা মানুষকে সেসব বিধান জানতে নির্দেশ দিয়েছেন যাতে মানুষ এ মহাবিশ্বকে মহৎ প্রশাসক (খলিফা) হিসেবে পরিচালনা করতে পারে। বিজ্ঞান যেসব সত্য আবিষ্কার করছে তা বিজ্ঞানের সৃষ্ট নয়, বরং আল্লাহ রাব্বুল আলামীনের সৃষ্টি। আমাদের ওইসব বিধিমালা (বিজ্ঞান) শিখতে হবে, কারণ আল্লাহ তাআলা বলেছেন যে, তিনি এ বিশ্বজগতকে আমাদের কল্যাণের জন্য সৃষ্টি করেছেন।

৩. আল্লাহ তাআলা কর্তৃক সম্পূর্ণ নতুন প্রজাতি হিসেবে সর্বপ্রথম মানব হিসেবে হজরত আদম (আ.)-এর সৃষ্টিকে চরম বিস্ময়কর বলে বিশ্বাস করতে হবে। এর তাৎপর্য হচ্ছে হজরত আদম (আ.) প্রকৃতির নির্বাচনের মাধ্যমে পূর্ব বিরাজমান কোনো প্রজাতি থেকে বিবর্তিত হননি। তিনি ছিলেন সম্পূর্ণ নবতর সৃষ্টি।

৪. হজরত আদম (আ.), তাঁর উপর শান্তি বর্ষিত হোক, তিনি ছিলেন সর্বপ্রথম নবী।

মুসলিম চিন্তাবিদগণ এখনো পর্যন্ত কোনো গবেষণা পরিচালনা করেননি। তাদেরকে ইমাম আল-গাজালী (র.)-এর মত মুসলিম চিন্তাবিদের অনুসরণ করা অনিবার্য হয়ে পড়েছে- যাকে একই ধরনের সমস্যাবলীর সম্মুখীন হতে হয়েছিল এবং তাদের ‘সৃষ্টিবাদী’ (Creationists) ও ‘বিবর্তনবাদী’দের (Evolutionists) দ্বন্দ্বসমূহ অধ্যয়ন এবং ইসলামী সমাধান উপস্থাপন করা প্রয়োজন।

(দি ইসলামিক একাডেমী ক্যামব্রিজের পরিচালক ও দারুল ইহসান বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. সৈয়দ আলী আশরাফ (১৯২৪-১৯৯৮ খ্রি.) লিখিত মূল সম্পাদকীয় নিবন্ধটি তাঁর সম্পাদিত *Muslim education quarterly* জার্ণালের ভলিউম-১, নং-৩ স্প্রীং সংখ্যায় ১৯৮৪ সালে প্রকাশিত হয়।) ❑